

ٲهگهر نیهٲوٲنن وه زوان ٲنگلیسی بځوهنن، ئی ناگداریه له مآپهر ځوار له بهش "ٲقدام وٲکومهل ناٲورؤ" ("Nauru Class Action") وه زوانهیل ٲرمک دانریاس: [/phifinney-mcdonald.com/projects/](http://phifinney-mcdonald.com/projects/). ئرای داواکردن دهٲٲگ لهی ناگداریه وه زوان ځوهدان، ئیمهیلنګ بیهنه فی فینی مهکدونالد (Phi Finney McDonald) وه ناودیشان ځوارهوه: GMNauru@pfm.law یا نامهیلګ ئرای ئی نادرسه کل بکهن: Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000.

اگر ځواندن انگلیسی بلد نیسٲید، این اطلاعیه با نام "دادځواهی دسته جمعی نارو" ("Nauru Class Action") به زبانهای دیگر در ٲارنمای زیر موجود است: phifinney-mcdonald.com/projects/. همچنین می ٲوانید با ایمیل زدن به فای فینی مک دونالد (Phi Finney McDonald) به آدرس GMNauru@pfm.law یا ٲماس از راه ٲست به آدرس Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000 نسبت به دریافت یک نسخه از این اطلاعیه به زبان ځودٲان اقدام کنید.

Si vous ne lisez pas l'anglais, cet avis est disponible dans d'autres langues sur le site web suivant sous la rubrique « Nauru Recours Collectif » ("Nauru Class Action"): phifinney-mcdonald.com/projects/. Vous pouvez également demander une copie de l'avis dans votre langue en envoyant un courriel à Phi Finney McDonald à GMNauru@pfm.law ou par courrier à Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000.

यदि आप अंग्रेज़ी पढ़ पाते हैं, तो यह नोटिस इस वेबसाइट phifinney-mcdonald.com/projects/ पर "Nauru Class Action": के अधीन अन्य भाषाओं में उपलब्ध है। आप Phi Finney McDonald को GMNauru@pfm.law पर ई-मेल करके या Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000 ٲते पर डाक से ٲत्र भेजकर भी अपनी भाषा में नोटिस की ٲति दिए जाने का निवेदन कर सकते/सकती हैं।

Jika Anda tidak dapat membaca dalam bahasa Inggris, Pemberitahuan ini tersedia dalam bahasa-bahasa lain di situs web berikut ini di bawah judul "Nauru Class Action": phifinney-mcdonald.com/projects/. Anda juga dapat meminta salinan Pemberitahuan ini dalam bahasa Anda dengan cara mengirim email ke Phi Finney McDonald di GMNauru@pfm.law atau dengan mengirim surat lewat pos di alamat Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000.

Sekiranya anda tidak fasih dalam Bahasa Inggeris, Notis ini telah pun diterjemahkan dalam Bahasa asing di laman web dibawah tajuk "Nauru Class Action": phifinney-mcdonald.com/projects/. Anda juga boleh meminta sesalinan Notis ini dalam Bahasa anda dengan menghantar email kepada Phi Finney McDonald di GMNauru@pfm.law atau melalui pos ke Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000.

Bangla

यदि तपाईं अंग्रेजी पढ्न सक्नु हुन्न भने phifinneymcdonald.com/projects/ वेबसाइटमा "नउरु क्लास एक्शन" ("Nauru Class Action") अन्तर्गत यो सूचना अन्य भाषाहरूमा उपलब्ध छन्। तपाईंले फि फिनी म्याकडोनाल्ड (Phi Finney McDonald) लाई GMNauru@pfm.law मा ईमेल गरेर वा Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000 मा पत्राचार गरेर तपाईंको भाषामा यो सूचनाको एक प्रति अनुरोध गर्न सक्नुहुन्छ।

کي د نارو اکشن phifinneymcdonald.com/projects/ ناسي انگلیسي نشی لوستي، دا خبرتیا په نورو ژبو پدی وپپانه

Phi Finney تر نامه لاندې شتون لري. تاسو کولي شي يوه کاپي یی پی فینی مکدونالد "Nauru Class Action" پلان

Level 4, 325 Flinders استولو وغواړي او یا د پوست له لاری GMNauru@pfm.law ته په ایمیل McDonald

غوبنتنه وکړئ. Lane, Melbourne, Victoria 3000.

Zedice tuñi Ingílic ót fori nozanilé,ei websaíth ót zaí yara notis yan oínno zuban ót faíba "Nauru Class Action": phifinneymcdonald.com/projects/. Tuñi Notis ór kopí ekan ólla aros gori fariba tuáñar zuban ót Phi Finney McDonald or hasé email defeçai yore GMNauru@pfm.law ya fúus gori fariba thikana yan ót Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000.

ඔබට ඉංග්‍රීසි භාෂාව කියවීමට නොහැකි නම්, phifinneymcdonald.com/projects/ වෙබ් අඩවියේ “නවුරු සාමූහික ක්‍රියාමාර්ගය” (“Nauru Class Action”) (යටතේ මෙම දැනුම්දීම ඔබට වෙනත් භාෂාවකින් ලබාගත හැකිය. මෙම දැනුම්දීමේ පිටපතක් ඔබගේ භාෂාවෙන් ලබා දෙන ලෙස GMNauru@pfm.law වෙත යොමු කළ විද්‍යුත් තැපැල් ලිපියක් මගින් හෝ Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000 ලිපිනය වෙත තැපැල් මගින් පි හිනි මැක්ඩොනල්ඩ්) Phi Finney McDonald (ආයතනයෙන් ඉල්ලීමක් කිරීමට ද ඔබට පුළුවන.

Haddii aadan akhriyi karin Ingiriis, ogeysiisgaan waxaa laga helli karaa luqada kale websaytka soo socda “Nauru Class Action”. phifinneymcdonald.com/projects/. Waxaad kaloo codsan kartaa koobiga ogeysiiska isaga oo ku qoran afkaaga adigoo email u diraya Phi Finney McDonald @ GMNauru@pfm.law ama adiga oo boostada ku diraya: Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000.

நீங்கள் ஆங்கிலம் பேசாதவர் என்றால், phifinneymcdonald.com/projects/ எனும் வலைத்தளப்பக்கத்தில் “நவரு ஒட்டுமொத்த வழக்கு” (“Nauru Class Action”) என்ற தலைப்பின் கீழ் இந்த ‘அறிவிப்’ பிணை நீங்கள் இதர மொழிகளில் பெறலாம். ‘ஃபி ஃபினி மெக்டானல்டு’ (Phi Finney McDonald)-விற்கு GMNauru@pfm.law எனும் முகவரி மூலம் மின்னஞ்சல் அனுப்பியும், Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000 எனும் முகவரியில் தபால் மூலமாகவும் உங்கள் மொழியில் உள்ள பிரதி ஒன்றை நீங்கள் வேண்டலாம்.

اگر آپ انگریزی نہیں پڑھ سکتے تو یہ نوٹس دوسری زبانوں میں درج ذیل ویب سائٹ پر "Nauru Class Action" سیکشن میں دستیاب ہے: phifinneymcdonald.com/projects/۔ آپ اپنی زبان میں نوٹس کی ایک نقل طلب کرنے کے لئے Phi Finney McDonald کو GMNauru@pfm.law پر ای میل کر سکتے ہیں یا Level 4, 325 Flinders Lane, Melbourne, Victoria 3000 پر خط بھیج سکتے ہیں۔

Plaintiff M83A/2019 & Anor v Morrison & Ors (VID816/2019)

আমি এটা কেন পাচ্ছি?

1. বর্তমান এবং প্রাক্তন মন্ত্রী ও সরকারী বিভাগের সচিব যাদের উপর অস্ট্রেলিয়ায় অভিবাসনের দায়িত্ব এবং যারা হলেন মাননীয় স্কট মরিসন এমপি, মাননীয় পিটার ডটন এমপি, মাননীয় টনি বার্ক এমপি, জনাব মার্টিন বোলেস এবং জনাব মাইকেল মেল পেজুল্লো, এদের বিরুদ্ধে দুই জন ব্যক্তি অস্ট্রেলিয়ার ফেডারাল আদালতে (Federal Court of Australia), একটি মামলা দায়ের করেছেন। মামলার অভিযোগে বলা হয়েছে যে, ঐ সকল ব্যক্তি বিশেষ মন্ত্রিগণ (ততকালীন অস্ট্রেলিয়ান সরকারের অত্যন্ত উচ্চতর পদাধিষ্ঠিত সদস্য) এবং সচিবগণ (ততকালীন অস্ট্রেলিয়ান পাবলিক সার্ভিসের অত্যন্ত উচ্চপদস্থ কর্মচারী) এরা প্রত্যেকেই সরকারী কর্মকর্তা হিসাবে তাদের ভূমিকায় আইনবিরুদ্ধভাবে কাজ করেছিলেন, এবং সেই সময়কার ঐ রকম কার্যক্রমের দ্বারা তাদের ক্রিয়াকলাপগুলো আইনবিরুদ্ধ ছিল কিনা [যা অস্ট্রেলিয়ান আইনে "বেপরোয়া উদাসীনতা" (reckless indifference/ রেকলেস ইন্ডিফারেন্স) নামে পরিচিত], সেই বিষয়টা উপেক্ষা করার সিদ্ধান্ত তারা নিয়েছিল। এটি 'সরকারি দফতরের বৈধ ক্ষমতার অপব্যবহার' (misfeasance in public office মিসফিসেন্স ইন পাবলিক অফিস) হিসাবে পরিচিত
2. দি কমনওয়েলথ অফ অস্ট্রেলিয়া (অস্ট্রেলিয়া) ও একটি পক্ষ। পৃথকভাবে মন্ত্রী ও সচিবগণ এবং অস্ট্রেলিয়া সরকার মামলাটিতে আত্মপক্ষ সমর্থনে প্রতিদ্বন্দ্বীতা (defending) করছেন।
3. এই মোকদ্দোমাটি একটি "শ্রেণিবদ্ধ মামলা/ নালিশ" (ক্লাস অ্যাকশন / class action)। এর অর্থ হোল এটি কোনও ব্যক্তি বা ব্যক্তিগণ অন্য এক দল লোক যারা "জোট সদস্য" (গুরুপ মেম্বার) হিসাবে অভিহিত, তাদের পক্ষে থেকে নিয়ে এসেছে। এই জোট - সদস্যগণ, যাদের পক্ষে এই ক্লাস একশন (শ্রেণিবদ্ধ মামলা/ নালিশ) আনীত হয়েছে, তারা হলেন সেইসকল লোকজন যাদের ওরা আগস্ট ২০১৩ তারিখের পর অস্ট্রেলিয়া থেকে নারু প্রজাতন্ত্রে নিয়ে যাওয়া হয়েছিল।
4. আপনি এই বিজ্ঞপ্তিটি পাচ্ছেন কারণ ওরা আগস্ট ২০১৩ তারিখের পরে আপনাকে হয়তো অস্ট্রেলিয়া থেকে নাউরুতে নেওয়া হয়েছিল এবং হয়তোবা এই কারণে আপনি জোট সদস্য (গ্রুপ মেম্বার) হতে পারেন।
5. ক্লাস অ্যাকশনে অন্তর্ভুক্ত হওয়ায়, আপনার ভিসার অবস্থাকে প্রভাবিত করবে না। আপনার ভিসার অবস্থা সম্পর্কে আপনার যদি প্রশ্ন থাকে তবে আপনার কোনও মাইগ্রেশন এজেন্টের সাথে যোগাযোগ করা উচিত।
6. ক্লাস অ্যাকশনের পক্ষ হিসাবে থাকার জন্য আপনাকে অর্থ প্রদান করতে হবে না। আপনি যদি ক্ষতিপূরণ পান বা আপনার নিজের দাবি চূড়ান্ত করার জন্য ব্যক্তিগত আইনি পরামর্শের প্রয়োজন হয়, তবে আপনি মোকদ্দোমা শেষে কেবল কিছু প্রদান করবেন। "শ্রেণিবদ্ধ মামলা/ নালিশ" (ক্লাস অ্যাকশন) সংক্রান্ত যে সকল আইনি খরচ আপনাকে দিতে হতে পারে তা আপনার প্রাপ্ত ক্ষতিপূরণের চেয়ে বেশি হবে না। অন্য কথায় তা হোল, ক্লাস অ্যাকশনের কোনও আইনি ব্যয়ের জন্য আপনার পকেট খালি হয়ে যাবে না।

7. যে সকল আইনজীবী মোকদ্দোমাটি চালাচ্ছেন তারা হলেন হলেন ফি ফিনি ম্যাকডোনাল্ড (পিএফএম)/(Phi Finney McDonald PFM)। আপনি জোট সদস্য (গ্রুপ মেম্বার) কিনা তা যদি না জানেন, তা হলে আপনি GMNauru@pfm.law তে ই-মেইল করে পিএফএম (PFM) এর সাথে যোগাযোগ করতে পারেন অথবা আপনার পছন্দের কোনও আইনজীবীর সাথে কথা বলতে পারেন। আপনার যদি প্রশ্ন থাকে তবে দয়া করে ফেডারেল কোর্টের সাথে যোগাযোগ করবেন না।

অস্ট্রেলিয়ার আইনী ব্যবস্থা

8. অস্ট্রেলিয়ার আইনী ব্যবস্থায় একজন ব্যক্তি কে (যাকে দরখাস্তকারী / এপ্লিকেন্ট applicant বলা হয়) অনুমতি দিয়ে থাকে, অন্য একজন ব্যক্তি বা কোম্পানি বা সরকার (এদের উত্তরবাদী / প্রতিবাদী বলা হয় / respondent) এর বিরুদ্ধে আর্থিক ক্ষতিপূরণের দাবি উত্থাপন করতে, যদি দরখাস্তকারী বিশ্বাস করেন যে, তিনি উত্তরবাদীর / প্রতিবাদীর (respondent রেসপনডেন্ট) পরিচালন, ব্যবস্থা, আচার- আচরণের (conduct /কন্ডাক্ট) কারণে তিনি আঘাত প্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত হয়েছেন, এবং যদি তার এই দাবি/ দাবিসমূহ এর যথাযথ ভিত্তি থাকে।
9. অস্ট্রেলিয়ায় সকল আদালত সরকার থেকে স্বতন্ত্র/ স্বাধীন। তারা যে পদ্ধতি অনুসরণ করে সে সম্পর্কে আদালতের স্পষ্ট বিধি রয়েছে। এর মধ্যে রয়েছে সাক্ষ্য-প্রমাণ প্রস্তুত, এবং আইন অনুযায়ী মোকদ্দোমার সিদ্ধান্ত নিতে সেই সাক্ষ্য-প্রমাণে আইনী নীতি প্রয়োগের বিধি।

কি বিষয়/সম্পর্কে শ্রেণিবদ্ধ মামলা (ক্লাস অ্যাকশন / class action) ?

10. শ্রেণিবদ্ধ মামলায় (ক্লাস অ্যাকশন / class action) অভিযোগ করা হয়েছে যে, বর্তমান এবং প্রাক্তন প্রত্যেক মন্ত্রীগণ যারা অভিবাসনের জন্য দায়বদ্ধ, এবং সরকারি বিভাগের সচিবগণ যারা অভিবাসনের জন্য দায়ী, তারা তাদের দায়িত্বের ভূমিকায় সরকারি কর্মকর্তা হিসাবে আইন ভঙ্গ করেছেন। শ্রেণিবদ্ধ মামলায় (ক্লাস অ্যাকশন / class action), সফল হওয়ার জন্য, যে দুজন ব্যক্তি মামলাটি এনেছেন তাদের দেখাতে হবে যেঃ

(a) মন্ত্রী ও সচিবরা প্রত্যেকে তাদের কাজ সম্পাদনের ভূমিকায় আইনবিরুদ্ধ ভাবে আচরণ করেছিলেন; এবং

(b) মন্ত্রী ও সচিবরা তাদের ক্রিয়া-কলাপগুলি বেআইনী ছিল কিনা, তা উপেক্ষা করার সিদ্ধান্ত তারা নিয়েছিল (যা অস্ট্রেলিয়ার আইনে "বেপরোয়া উদাসীনতা" / reckless indifference রেকলেস ইন্ডিফারেন্স নামে পরিচিত)।

11. শ্রেণিবদ্ধ মামলায় অভিযোগ করা হয়েছে যে, নারুতে চারটি (৪টি) উপায়ে আঞ্চলিক প্রসেসিং সেন্টার ভিসার (Regional Processing Centre visa আরপিসি ভিসার / RPC Visa) জন্য আবেদন করার সময় অথবা তা বৃদ্ধির অনুরোধ জানানোর সময়, এই আইনবিরুদ্ধ পদক্ষেপগুলো নেওয়া হয়েছিল:

(a) জোট সদস্যদের (গুরুপ মেম্বার) জন্য প্রদত্ত যে অরপিসি ভিসা (RPC Visa), -এটার জন্য আবেদন করা বা এই ভিসা বৃদ্ধির অনুরোধ জানানোর ক্ষমতা, অস্ট্রেলিয়ান আইনের আওতায়, অস্ট্রেলিয়ান উচ্চপদস্থ কর্মকর্তাগণের ছিল না।

- (b) অস্ট্রেলিয়ার কর্মকর্তারা যদিও দিতে বাধ্য ছিলেন, কিন্তু আরপিসি ভিসার আবেদন বা তা বৃদ্ধির অনুরোধ প্রক্রিয়ায়, তারা জোট সদস্যদের কার্যপ্রণালীর ন্যায্যতা (procedural fairness) প্রদান করেননি;
- (c) জোট সদস্যদের প্রতি মানবাধিকারের মান অনুযায়ী আচরণ করা হলে, অস্ট্রেলিয়ার কর্মকর্তাগণ কেবল মাত্র আইনানুগভাবে আরপিসি ভিসার জন্য আবেদন করতে বা তা বৃদ্ধির অনুরোধ জানাতে পারেন, কিন্তু ঘটনাটি এমন ছিল না ।
- (d) জোট সদস্যদের মধ্যে যারা শিশু ছিলেন, তখন এই ধরনের জোট সদস্যদের প্রতি শিশুদের সাথে সম্পর্কিত মানবাধিকারের মান অনুযায়ী আচরণ করা হলে, অস্ট্রেলিয়ার কর্মকর্তাগণ কেবল আইনানুগভাবে আরপিসি ভিসার জন্য আবেদন করতে বা তা বৃদ্ধির অনুরোধ জানাতে পারেন, কিন্তু ঘটনাটি এমন ছিল না ।
12. শ্রেণিবদ্ধ মামলায় অভিযোগ করা হয়েছে যে, যে সকল মন্ত্রী এবং সচিবদের বিরুদ্ধে মামলা করা হয়েছে তারা, যে সকল অস্ট্রেলিয়ান অফিসার আরপিসি ভিসার জন্য আবেদন করে এবং তা বৃদ্ধির অনুরোধ জানায়, ঐ সকল অফিসারদের কর্মকাণ্ডের জন্য দায়বদ্ধ; কারণ মন্ত্রীরা ও সচিবরা যখন কার্য সম্পাদনে তাদের ভূমিকা পালন করেছিলেন তখন, অফিসারদের আইনবিরুদ্ধ পরিচালন-ব্যবস্থা নিবারণ করার মন্ত্রী এবং সচিবদের যে ক্ষমতা, সেটা তারা উপেক্ষা করার সিদ্ধান্ত নিয়েছিলেন ।
13. শ্রেণিবদ্ধ মামলায় অভিযোগ করা হয়েছে যে, যে সকল মন্ত্রী এবং সচিবদের বিরুদ্ধে শ্রেণিবদ্ধ মামলায় অভিযুক্ত করা হয়েছে, এবং কমনওয়েলথ - যার পক্ষে তারা প্রতিনিধিত্ব করেছিল, তাদের উচিত জোট সদস্যদের ক্ষতিপূরণ প্রদান করা কারণ জোট সদস্যদের বেআইনি ভাবে নারু তে নিয়ে যাওয়া হয়েছিল, এবং নারু তে নিয়ে যাওয়ার ফল সন্ন্যাস তাদের আঘাত এবং ক্ষতির সম্মুখীন হতে হয়েছে ।
14. উত্তরবাদী / প্রতিবাদীদের (রেসপনডেন্ট/Respondent) বিরুদ্ধে বিস্তারিত অভিযোগ 'আবেদনকারীদের দাবি সম্পর্কিত আরও সংশোধিত বিবৃতি' তে (Applicant's Further Amended Statement of Claim/ এপ্লিকেন্টস ফারদার এমেন্ডেড এস্টেটমেন্ট অব কেলেইম) তুলে ধরা হয়েছে । পিএফএম এর ওয়েব সাইটে/PFM website: phifinney-mcdonald.com/projects/, এপ্লিকেন্টস ফারদার এমেন্ডেড এস্টেটমেন্ট অব কেলেইম এর কপি, এবং উত্তরবাদী / প্রতিবাদী (respondent) তাদের পক্ষসমর্থনের (defence ডিফেন্স) উত্তর দেখতে পাওয়া যাবে ।
15. যে সকল লোকদের ওরা অগাস্ট ২০১৩ এর পর নারুতে নেওয়া হয়েছিলো, সেইসকল লোকদের ব্যক্তিগত আঘাত, আয়ের ক্ষতি, মিথ্যা কারাবাস এর ক্ষতিপূরণ দেওয়ার জন্য, ক্লাস অ্যাকশন মোকদ্দমায় মন্ত্রি ও সচিবদের বেআইনী কর্মের জন্য ক্ষয়ক্ষতি (damages ডেমেজেস) চেয়েছে ।

আমি ক্লাস অ্যাকশনে পক্ষ হতে / দলে থাকতে চাই - আমার কী করা দরকার?

16. আপনি যদি ক্লাস অ্যাকশনে পক্ষ হতে চান তবে এখনই আপনার কিছু করার দরকার নেই। আপনি ক্লাস একশনের পক্ষেই আছেন, যদি না আপনি অস্ট্রেলিয়ার ফেডারাল কোর্টকে বলে থাকেন যে, আপনি এর পক্ষ হতে চান না। যদি পরিস্থিতিটা এমনই হয়, তাহলে এই পত্রের পরবর্তী বিভাগ আপনাকে বলে দিচ্ছে কী করতে হবে।

17. জোট সদস্যরা ক্লাস অ্যাকশনের ফলাফল দ্বারা "আবদ্ধ", যদি না তারা সিদ্ধান্ত নিয়ে থাকেন যে তারা মামলায় (proceeding) থাকবেন না। এর অর্থ ক্লাস অ্যাকশনে জিত, পরাজয় বা মিটমাট হবে কিনা, তার ফলাফল দ্বারা আপনি আবদ্ধ হবেন।

(a) ক্লাস অ্যাকশন জয়ী হলে, এটার রায়-পুরস্কারে (জাজমেন্ট এ্যাওয়ার্ড / judgment award) বা নিষ্পত্তির পরিমাণ (সেটেলমেন্ট এমাউন্ট / settlement amount), - এ থেকে আপনি একটি হিস্যার অধিকারি হতে পারেন।

(b) যদি মামলাটি অকৃতকার্য হয় বা আশানুরূপ এর চেয়ে কম কৃতকার্য হয়, তবে আপনি কোন অর্থ পেতে না ও পারেন, বা অল্প অর্থ পেতে পারেন, এবং উপরোক্ত বর্ণিত অবৈধ আচরণের একই অভিযোগের জন্য, আপনি এই ক্ষেত্রে স্বতন্ত্র মন্ত্রী বা সচিবদের বিরুদ্ধে আদালতে অভিযোগ করতে পারবেন না। এছাড়াও, আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

18. যখন জোট সদস্যের সর্বজনীন সমস্যাগুলোর সিদ্ধান্ত নেওয়া হয়, তখন ক্লাস অ্যাকশনের পক্ষ হিসাবে থাকার জন্য আপনাকে অর্থ প্রদান করতে হবে না। যদি আপনি ক্ষতিপূরণ পান বা আপনার নিজের দাবি চূড়ান্ত করার জন্য ব্যক্তিগত আইনি পরামর্শের প্রয়োজন হয়, তাহলে আপনি কেবল মামলার শেষে কিছু প্রদান করবেন। অন্য কথায় তা হোল, ক্লাস অ্যাকশনের কোনও আইনি ব্যয়ের জন্য আপনার পকেট খালি হয়ে যাবে না।

19. আপনি চাইলে, GMNauru@pfm.law তে ই-মেইল করে পিএফএম (PFM) এর সাথে যোগাযোগ করতে পারেন যাতে আগামী দিনের সকল হাল নাগাদ তথ্য (ফিউচার আপডেটস /future updates) আপনার পছন্দসই ঠিকানায় বা ই-মেইলটিতে প্রেরণ করা যায়।

আমি ক্লাস অ্যাকশনের পক্ষ / অংশ হতে চাই না - আমার কী করা দরকার?

20. আপনি যদি ক্লাস অ্যাকশনের পক্ষ / অংশ না হতে চান, তবে আপনাকে ফেডারেল কোর্টকে অবহিত করতে হবে। এটা কে বলা হয় “অনির্বাচন/ পক্ষে সিদ্ধান্ত নেওয়া হয়নি” (opt out/ অপ্ট আউট)। আপনি যদি অনির্বাচন (opt out/ অপ্ট আউট) করতে চান, তবে আপনাকে অবশ্যই এই নোটিশ শেষের ফর্মটি পূরণ করতে হবে এবং শুক্রবার ৩১শে জুলাই ২০২০ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার (এএসটি AEST / Australian Eastern Standard Time অস্ট্রেলিয়ান এস্ট্রানডারড টাইম) পূর্বে ফর্মটি নিম্নের ঠিকানায় ইমেল করতে হবে বা পোস্ট করতে হবে:

The Registrar
Federal Court of Australia
Victorian District Registry
305 William Street
Melbourne VIC 3000

অথবা

vicreg@fedcourt.gov.au

21. আপনি যদি অপ্ট আউট (opt out/ অনির্বাচন) করেন তবে ক্লাস অ্যাকশন থেকে আপনি কোনও ক্ষতিপূরণ পাবেন না।

22. প্রতিটি জোট সদস্য যারা ক্লাস অ্যাকশনের পক্ষ/ অংশ থাকতে চান না তাদের পৃথক পৃথক অপ্ট আউট ফর্মটি পূরণ করতে হবে। আপনি পরিবারের পক্ষে একক হিসাবে, একটি অপ্ট আউট ফর্ম (opt out form) পূরণ করতে পারবেন না।

প্রাসঙ্গিক নথিপত্র / কাগজাদি আপনি কোথা থেকে সংগ্রহ করবেন?

23. আবেদনপত্র, দাবির বিবৃতি এবং প্রতিবাদীর আত্মপক্ষ সমর্থন সহ প্রাসঙ্গিক নথিপত্র / কাগজাদি নিম্ন উপায়ে সংগ্রহ করা যেতে পারেঃ

(a) পিএফএম (PFM) এর ওয়েবসাইট থেকে এগুলি ডাউনলোড করা:
phifinney-mcdonald.com/projects/

(b) ফেডারেল কোর্টের ওয়েবসাইটে যথাঃ www.fedcourt.gov.au. পরিদর্শন করা।

আমি আরও তথ্য কোথায় পেতে পারি?

24. এই নোটিশটির অন্য কোনও ভাষার অনুবাদ সহ, আপনার যদি আরও তথ্যের প্রয়োজন হয় তবে আপনি:

(a) এই ওয়েবসাইটে দেখুন <http://phifinney-mcdonald.com/> ; অথবা

(b) GMNauru@pfm.law এখানে ই-মেইল করে পিএফএম (PFM) এর সাথে যোগাযোগ করুন।

আপনি যদি ক্লাস আকশনের পক্ষ /অংশ হিসাবে থাকতে না চান তাহলে কেবল এই ফর্মটি ব্যবহার করুন

Form 21
Rule 9.34

অপ্ট আউট (অনির্বাচন) নোটিস

No. VID816 of 2019

Federal Court of Australia
District Registry: Victoria
Division: General

Plaintiff M83A/2019

First Applicant

Plaintiff M83B/2019 (by his litigation representative, Plaintiff M83C/2019)

Second Applicant

Scott Morrison & Ors (in accordance with the attached schedule)

Respondents

প্রতি

The Registrar
Federal Court of Australia
Victoria District Registry
305 William Street
Melbourne VIC 3000

অথবা

vicreg@fedcourt.gov.au

[আপনার পুরা নাম], যিনি অত্র প্রতিনিধিত্বমূলক - মোকদ্দোমার একজন জোট সদস্য, তিনি ১৯৭৬ সনের ফেডারেল কোর্ট অব আস্ট্রেলিয়া আইনের ৩৩জে ধারা মোতাবেক নোটিস প্রদান করছেন যে, [আপনার পুরা নাম] প্রতিনিধিত্বমূলক - মোকদ্দোমায় পক্ষ / অংশ হওয়া থেকে সড়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন (অপ্টিং আউট)।

তারিখঃ

আপনার স্বাক্ষর

আপনার পুরা নামঃ

জন্মের তারিখ

ই-মেইল ঠিকানা

ফোন নং

বৃত্ত দিনঃ জোট সদস্য/ গুরুপ মেম্বার অথবা জোট সদস্যের/ গুরুপ মেম্বারের এর আইনগত অভিভাবক

Bangla